

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫০৬

৮/ ঈদাইন বা দু' ঈদের সালাত (كتاب صلاة العدين)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

## আরবী

حديث جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ: قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْفِطْرِ فَصَلَّى، فَبَدَأَ بِالصَّلاَةِ، ثُمَّ خَطَبَ، فَلَمَّا فَرَغَ نَزَلَ فَأَتَى النِّسَاءَ فَذَكَّرَهُنَّ، وَهُوَ يَتَوَكَّأُ عَلَى يَدِ بِلاَلٍ، وَبِلاَلٌ بَاسِطٌ ثَوْبَهُ، يُلْقِي فِيهِ النِّسَاءُ الصَّدَقَةَ

## বাংলা

৫০৬. জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাযি.) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতরের দিন দাঁড়িয়ে সালাত আদায় করলেন, পরে খুতবাহ দিলেন। খুতবাহ শেষে নেমে নারীদের নিকট আসলেন এবং তাঁদের নসীহত করলেন। তখন তিনি বিলাল (রাযি.)-এর হাতের উপর ভর দিয়ে ছিলেন এবং বিলাল (রাযি.) তাঁর কাপড় প্রসারিত করে ধরলেন। এতে নারীগণ দান সামগ্রী ফেলতে লাগলেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৩: দু' 'ঈদ, অধ্যায় ১৯, হাঃ ৯৭৮; মুসলিম, পর্ব ৮ : ঈদাইন বা দু' ঈদের সালাতঃ, হাঃ ৮৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন